

KANDI RAJ COLLEGE

Ph. No.-03484- 255230
Kandi- 742137
Murshidabad, West Bengal
E mail:principalkrc.krc@gmail.com
www.krcedu.in



(Govt. Sponsored)

Ref.

Date: 23.09.2020

তৃতীয় বর্ষের পরীক্ষার বিজ্ঞপ্তি

তৃতীয় বর্ষের পাস ও অনার্স এর সমস্ত ছাত্রছাত্রীকে জানানো যাচ্ছে যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ১৮.৯.২০২০ বিজ্ঞপ্তি অনুসারে তৃতীয় বর্ষের পরীক্ষা অনলাইনে পয়লা অক্টোবর থেকে ১৪ অক্টোবর পর্যন্ত চলবে।

পরীক্ষা সংক্রান্ত অবশ্য পালনীয় কিছু নিয়মাবলী নিচে দেওয়া হল-

১. নির্ধারিত বিষয়ের ও দিনের প্রশ্নপত্র ছাত্র-ছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পরীক্ষা শুরুর ১ ঘন্টা আগে পেয়ে যাবে। কলেজের ওয়েবসাইটে ও নির্ধারিত দিনের ও বিষয়ের প্রশ্নপত্র পরীক্ষা শুরুর আগে দিয়ে দেওয়া হবে।
২. শুধুমাত্র বিশেষ ক্ষেত্রেই ওয়েবসাইট থেকে প্রশ্ন সংগ্রহ করতে না পারলে বা যান্ত্রিক গোলযোগ হলে তবেই কলেজে এসে প্রশ্নপত্র নেওয়া ও পরীক্ষা শেষে উত্তরপত্র জমা দেওয়া যাবে।
৩. পরীক্ষায় প্রশ্নের উত্তর লেখার জন্য A4 সাইজের কাগজ ব্যবহার করতে হবে এবং কাগজের একদিকে লিখতে হবে। উত্তরপত্রের প্রতি পাতার উপর ক্রমিক সংখ্যা লিখতে হবে। সেই সঙ্গে অবশ্যই প্রতি পাতার উপরে যে বিষয়ের পরীক্ষা হচ্ছে সেই বিষয়ের নাম, পেপারের নাম ও নিজের রোল নাম্বার, রেজিস্ট্রেশন নাম্বার এবং সেশন উল্লেখ করতে হবে।
৪. উত্তরপত্র জমা দেওয়ার সময় অবশ্যই মনে রাখতে হবে তা যেন কোনভাবেই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত সময় অতিক্রম না করে অর্থাৎ পরীক্ষা শেষের দু ঘন্টার মধ্যেই উত্তরপত্রের ক্রমিক সংখ্যা অনুসারে স্ক্যান করে, pdf ফাইলে সেভ করে নিজ নিজ ডিপার্টমেন্টের email-id অথবা WhatsApp নাম্বারে পাঠাতে হবে।
৫. উত্তরপত্র প্রথমে প্রদত্ত ই-মেইলে পাঠানোর চেষ্টা করতে হবে। পরীক্ষা শেষের ৩ ঘন্টার (Three Hours) মধ্যে ছাত্র-ছাত্রীদের উত্তরপত্র receive না হলে অর্থাৎ সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট থেকে Received এই উত্তর না পেলে তবেই হোয়াটসঅ্যাপে আবার উত্তরপত্র পাঠানো যাবে।
৬. যে সমস্ত ছাত্র-ছাত্রী ইমেইল অথবা হোয়াটসঅ্যাপে উত্তরপত্র পাঠাতে অসুবিধার সম্মুখীন হবে শুধুমাত্র তারাই নিজেদের উত্তরপত্র খামের মধ্যে ভরে, সিল করে খামের উপরে নিজের রেজিস্ট্রেশন নাম্বার, রোল নাম্বার, সাবজেক্ট পেপার ও পরীক্ষার তারিখ উল্লেখ করে পরীক্ষা শেষে নির্ধারিত সময়ের মধ্যে কলেজ অফিসে জমা করতে পারবে। তবে মনে রাখতে হবে শুধুমাত্র জরুরী ও বিশেষ পরিস্থিতি ছাড়া এই পদ্ধতি প্রয়োগ করা যাবে না।
৭. বিশ্ববিদ্যালয়ের বেঁধে দেওয়া নির্দিষ্ট সময়ের মধ্যে উত্তরপত্র ইমেইল অথবা হোয়াটসঅ্যাপ এর মাধ্যমে জমা না করলে বা নিয়ম অনুসারে জমা না দিতে পারলে আর কোনোভাবেই উত্তরপত্র গ্রহণ করা হবে না।
৮. প্র্যাকটিক্যাল পরীক্ষার ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।

বিশেষ দ্রষ্টব্য: বিশ্ববিদ্যালয়ের নির্দেশে উপরের উল্লেখিত কোন বিষয় পরিবর্তন হতে পারে এবং তা যথাযথ সময়ে কলেজের website এ বিজ্ঞপ্তি করা হবে।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ
কান্দি রাজ কলেজ
কান্দি, মুর্শিদাবাদ

Teacher-In-Charge
Kandi Raj College
Kandi, Murshidabad

